তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

প্রথম আলো

# বঙ্গবন্ধুর ছবি প্রাথমিকের শ্রেণি কক্ষে প্রদর্শনের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●

প্রাথমিক বিদ্যালয়ের সব শ্রেণিকক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি প্রদর্শনের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। গতকাল মঙ্গলবার সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এই সুপারিশ করা হয়।

সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটি শ্রেণিকক্ষে, অফিসকক্ষে ও সম্মেলনকক্ষে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

বৈঠক সূত্র জানায়, সম্প্রতি সংসদীয় কমিটির একটি প্রতিনিধিদল ভিয়েতনাম সফরে যায়। সেখানে সদস্যরা দেখেছেন, দেশটির প্রাথমিক বিদ্যালয়ের সব শ্রেণিকক্ষে তাদের বিপ্লবী নেতা হো চি মিনের ছবি প্রদর্শন করা হয়। এখান থেকে ধারণা নিয়ে দেশের সব প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনের প্রস্তাব করা হয়। কমিটির সদস্যরা এতে সমর্থন দেন। পরে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়কে সুপারিশ করা হয়।

কমিটি স্কুল চলাকালীন শ্রেণিকক্ষে প্রবেশের আগে প্রধান শিক্ষকের কাছে মুঠোফোন জমা রেখে পাঠদান করার সুপারিশ করা হয়। এ ছাড়া দরিদ্রপ্রবণ উপজেলাগুলোর প্রাথমিক বিদ্যালয়ে 'মিড ডে মিল' কার্যক্রমের আওতায় শুকনো পুষ্টিকর খাবারসহ বিস্কুট বিতরণের সুপারিশ করেছে কমিটি। জাতীয় পর্যায়ে 'স্কুল ফিডিং পলিসি' চূড়ান্ত করার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত সংগ্রহ করে স্থায়ী কমিটিতে উপস্থাপনের সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি মো. মোতাহার হোসেনের সভাপতিত্বে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, সাংসদ সামশুল হক চৌধুরী, নজরুল ইসলাম, মো. আবুল কালাম, আলী আজম, বেগম উম্মে রাজিয়া বৈঠকে উপস্থিত ছিলেন।